বিদেশ এবং বস্ত্র প্রতিমন্ত্রী শ্রী পবিত্র মার্গারিটার সামোয়া এবং নাওয়েরো সফর (16-22 অক্টোবর 2026)

বিদেশ ও বস্ত্র প্রতিমন্ত্রী শ্রী পবিত্র মার্গারিটা [এমওএস (পিএম)] 16 থেকে 22 অক্টোবর 2026 পর্যন্ত সামোয়া এবং নাওয়েরো প্রজাতন্ত্রে সরকারি সফর করেন।

2. সামোয়া সফরকালে এমওএস(পিএম)-কে সামোয়ার প্রধানমন্ত্রী, মাননীয় লাঅলিয়ালেমালিয়েটোয়া লেওয়াতেয়া পোলাতাইভাও ফোসি স্মিথ এবং তার মন্ত্রিসভার সদস্যদের দ্বারা একটি ঐতিহ্যবাহী 'আভা অনুষ্ঠানের মাধ্যমে সংবর্ধনা প্রদান করা হয়। এমওএস (পিএম) প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন এবং দক্ষতা বৃদ্ধি, ডিজিটাল উন্নয়ন, জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবিলায় সক্ষমতা বৃদ্ধি, অর্থনৈতিক সহযোগিতা ও বহুপাক্ষিক বিষয় সম্পর্কে আলোচনা করেন।

3. এমওএস (পিএম) এবং সামোয়ার প্রধানমন্ত্রী সেনেস প্রকল্পের বাস্তবায়ন সংক্রান্ত একটি সমঝোতাপত্রে স্বাক্ষর করেন যার লক্ষ্য হল শিক্ষা, স্বাস্থ্যসেবা ও বৃত্তিমূলক প্রশিক্ষণের উন্নত অ্যাক্সেসের মাধ্যমে প্রতিবন্ধী শিশু ও ব্যক্তিদের অন্তর্ভুক্তি এবং উন্নয়নকে উৎসাহিত করা।

4. সামোয়ার প্রধানমন্ত্রী, এমওএস (পিএম)-এর সম্মানে একটি সরকারি মধ্যাহ্নভোজের আয়োজন করেন। এমওএস (পিএম) সামোয়ায় বসবাসরত ভারতীয় সম্প্রদায়ের সদস্যদের সঙ্গে মতবিনিময় করেন।

5. অকল্যান্ডে ট্রানজিট সফরের সময়, এমওএস (পিএম), ইন্ডিয়া নিউজিল্যান্ড বিজনেস কাউন্সিল (আইএনজেডবিসি) দ্বারা তার সম্মানে আয়োজিত এক ব্যবসায়িক আলোচনায় অংশগ্রহণ করেন। এই অনুষ্ঠানে বস্ত্র ও ফ্যাশন ক্ষেত্রের প্রতিনিধিরা একত্রিত হয়ে দ্বিপাক্ষিক সহযোগিতার বিভিন্ন সম্ভাবনা সম্পর্কে আলোচনা করেন। নিউজিল্যান্ডের জাতিগত সম্প্রদায় বিষয়ক মন্ত্রী এবং ক্রীড়া ও বিনোদন বিষয়ক মন্ত্রী মাননীয় মার্ক মিচেলও এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এমওএস (পিএম) দুর্গা পূজা উদযাপনেও অংশগ্রহণ করেন এবং পৃথকভাবে ভারতীয় সম্প্রদায়ের সদস্যদের সঙ্গে মতবিনিময় করেন।

6. নাওয়েরো সফরকালে, এমওএস (পিএম) নাওয়েরো প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি মহামহিম ডেভিড ডব্লিউ. আর. অ্যাডিয়াং-এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন এবং তিনি নাওয়েরো সংসদের স্পিকার মাননীয় মার্কাস স্টিফেনের সঙ্গেও পৃথকভাবে সাক্ষাৎ করেন। আলোচনায় দ্বিপাক্ষিক সহযোগিতা জোরদার করা, সংসদীয় পর্যায়ে মতবিনিময় এবং দক্ষতা বৃদ্ধি-সংক্রান্ত বিষয়গুলির ওপর গুরুত্ব দেওয়া হয়।

7. এমওএস (পিএম) ইন্ডিয়ান টেকনিক্যাল অ্যান্ড ইকোনমিক কোঅপারেশন (আইটিইসি) এবং ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশনস (আইসিসআর) কর্মসূচির প্রাক্তন শিক্ষার্থীদের পাশাপাশি ভারতীয় সম্প্রদায়ের সদস্যদের সঙ্গেও মতবিনিময় করেন এবং ভারত ও নাওয়েরোর সম্পর্ক জোরদার করার ক্ষেত্রে তাদের অবদান স্বীকার করেন।

8. এমওএস (পিএম) তার সফর উপলক্ষে ভারতের কুইক ইমপ্যাক্ট প্রোজেক্ট (কিউআইপি) 'সাইক্লিং ফর এ স্ট্রং নাওয়েরো'-এর অংশ হিসেবে আয়োজিত একটি মিনি সাইক্লিং ইভেন্টের সূচনা করেন, যার লক্ষ্য স্থানীয় ক্রীড়াবিদদের উন্নয়ন এবং সাইক্লিংয়ের মাধ্যমে সুস্বাস্থ্য চর্চায় উৎসাহিত করা। সফরকালে বিভিন্ন কর্মসূচির অংশ হিসেবে তিনি নাওয়েরোর সরকারি হাসপাতাল এবং ফসফেট খনির স্থানগুলি পরিদর্শন করেন।

9. এমওএস (পিএম)-এর এই সফর উন্নয়নমূলক সহযোগিতা, দক্ষতা বৃদ্ধি, জনগণের মধ্যে যোগাযোগ ও আদান-প্রদান এবং ভারত-প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জ সহযোগিতা ফোরাম (এফআইপিআইসি)-এর কাঠামোর আওতায় ভারত ও সামোয়া এবং নাওয়েরোর মধ্যে অংশীদারিত্ব আরও জোরদার করার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছে। প্রশান্ত মহাসাগরীয় দ্বীপ দেশগুলির জাতীয় উন্নয়নের অগ্রাধিকার এবং সমগ্র অঞ্চলের অভিন্ন আকাঙ্ক্ষা পূরণে সহায়তা করার লক্ষ্যে ভারত তাদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ।

নয়া দিল্লি

23 অক্টোবর, 2026